দৈনিক ইনকিলাব

তারিখ 21 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৪

# সবার জন্য শিক্ষা বিষয়ক নীতিনির্ধারণে দক্ষিণ এশীয় পরামর্শ সভা শুরু

**প্রেস বিজ্ঞপ্তি :** গতকাল (শুক্রবার) ধানমন্ডিস্থ ঢাকা আহ্ছানিয়া মিশন ভবনের সম্মেলন কক্ষে ভবিষ্যতের জন্য পরিকল্পনা প্রণয়নের লক্ষ্য সামনে রেখে সবার জন্য শিক্ষা বিষয়ক নীতিনির্ধারণে সুশীল সমাজের সম্পৃক্ততা শীর্ষক তিন দিনব্যাপী দক্ষিণ এশিয়ার পরামর্শ সভা শুরু হয়েছে। এতে অংশগ্রহণ করছেন ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলংকা এবং বাংলাদেশের শীর্ষস্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা ও সুশীল সমাজের ৩০ জন প্রতিনিধি। ভারতের মুম্বাইভিত্তিক 'এশিয়া সাউথ প্যাসিফিক ব্যুরো অব এডাল্ট এডুকেশন' কর্তৃক তাদের ঢাকার সম্মেলন পরবর্তী গত দু'বছরের বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে এবং গত বছরের ফেব্রুয়ারীতে দিল্লীতে অনুষ্ঠিত আঞ্চলিক ফোরামের অনুস্মারক হিসেবে এই পরামর্শ সভার আয়োজন করা হয়েছে। ঢাকা আহ্ছানিয়া মিশন ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এ অনুষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে। পরামর্শ সভার উদ্বোধনী অনুষ্ঠানে এর উদ্দেশ্য ও লক্ষ্য ব্যাখ্যা করেন এশিয়া প্যাসিফিক ব্যুরো অব এডাল্ট এডুকেশনের নাসরিন মোহাম্মদ এবং কার্যক্রমের পরিচিতি উপস্থাপন করেন একই সংস্থার মেনকা রায়। অনুষ্ঠানের শুরুতে ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম সকলকে স্বাগত জানান এবং পরামর্শ সভার গুরুত্ব ব্যাখ্যা করেন। তিনি বিভিন্ন দেশের ডাকার সম্মেলনে প্রদত্ত বিভিন্ন দেশের প্রতিশ্রুতি বাস্তবায়নের ক্ষেত্রে শ্লথগতির কথা উল্লেখ করে এক্ষেত্রে সুশীল সমাজের ভূমিকা জোরদার করার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেন। গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন যে, এই পরামর্শ সভায় সবার জন্য শিক্ষা বিষয়ে এতদঞ্চলের দেশগুলোর জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে কি হয়েছে এবং কি হয়নি সে বিষয়ে পর্যালোচনা করে এক কার্যকর ও শক্তিশালী ভবিষ্যৎ কর্মসূচী প্রণীত হবে।